

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
নার্সিং শিক্ষা অধিশাখা
www.mefwd.gov.bd

স্মারক নম্বর ৫৯.০০.০০০০.১৪২.১৬.০০১.২২.২৮

তারিখঃ ২৭ অগ্রহায়ণ, ১৪২৯
১২ ডিসেম্বর, ২০২২

বিষয়ঃ রাজশাহী নার্সিং কলেজ, রাজশাহী পরিদর্শন প্রতিবেদন প্রেরণ।

পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবি : মো: সাইফুল ইসলাম,
যুগ্মসচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম : রাজশাহী নার্সিং কলেজ, রাজশাহী

পরিদর্শনের তারিখ : শনিবার, ১২ নভেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ

১২ নভেম্বর ২০২২ তারিখে নিম্নস্বাক্ষরকারী রাজশাহী নার্সিং কলেজ, রাজশাহী পরিদর্শন করেন। পরিচালক (শিক্ষা), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ডেপুটি রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল এবং নার্সিং কলেজের অধ্যক্ষ ও অন্যান্য শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে নার্সিং কলেজের ভৌত অবকাঠামোগত, একাডেমিক সুবিধাদি ও অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াদি সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনে প্রাপ্ত তথ্য/অবস্থার বিবরণ নিম্নে উপস্থাপন করা হলো:

১। প্রতিষ্ঠা, চলমান কোর্স ও আসন সংখ্যা: রাজশাহী নার্সিং কলেজ ১৯৬১ সালে প্রতিষ্ঠিত হয়, তবে কোর্স চালু হয় ১৯৬৩ সালে। বর্তমানে প্রতিষ্ঠানটিতে বিএসসি ইন নার্সিং, পোস্ট বেসিক বিএসসি ইন নার্সিং ও পাবলিক হেলথ নার্সিং এবং ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্স চলমান আছে। বর্তমানে বিএসসি ইন নার্সিং-এ ১০০টি, পোস্ট বেসিকে ২০টি (নার্সিং-১০ ও পাবলিক হেলথ-১০) ও ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সে ৫০টি আসন রয়েছে। এমএসসি ইন নার্সিং-এ ৫টি বিষয়ে ৫০টি আসনের অনুমোদন দেয়া হয়েছে, তবে ভর্তি প্রক্রিয়া শুরু হয়নি কেননা সংশ্লিষ্ট মেডিকেল বিশ্ববিদ্যালয় থেকে প্রয়োজনীয় প্রক্রিয়া সম্পন্ন হয়নি।

২। ল্যাবরেটরি সুবিধাসমূহ: ল্যাবসমূহ সরেজমিন পরিদর্শন করে দেখা যায় যে, ক্রিটিক্যাল কেয়ার, ফিজিওলজি ও মাইক্রোবায়োলজি ল্যাবসমূহে প্রয়োজনীয় যন্ত্রপাতি নেই বললেই চলে। কম্পিউটার ল্যাবের ডেস্কটপগুলো খুবই পুরাতন, সবগুলো সচল নেই। রিসোর্সের জন্য ডাটাবেজ এক্সেস নেই, ইন্টারনেট এক্সেসসও অপ্রতুল। ইংরেজি ল্যাংগুয়েজ ল্যাবটি একেজো অবস্থায় আছে। প্রস্তাবিত সিমুলেশন ল্যাবের জন্য এখনও জায়গা প্রস্তুত করা হয়নি।

৩। একাডেমিক ভবন, শ্রেণিকক্ষ ও নিরাপত্তা সংক্রান্ত: একাডেমিক ভবনে শিক্ষার্থীদের পাঠদানের জন্য ক্লাসরুমের ঘাটতি রয়েছে। ক্লাসরুম ভেঙ্গে বড় করতে হবে। এমএসসি কোর্স চালু করতে হলে নতুন স্পেস তৈরি করতে হবে। একটি ৬তলা একাডেমিক ভবন তৈরি করা হলেও সেখানে লিফট চালু নেই, লিফটম্যানও নিয়োজিত করা হয়নি। ক্লাসরুম, ল্যাবসমূহে এসি স্থাপন করা প্রয়োজন। নিরাপত্তা নিশ্চিত করার জন্য নতুন ভবনের প্রতিটি ফ্লোরের সম্মুখ বারান্দায় গ্রিল স্থাপন করা প্রয়োজন।

৪। হোস্টেল ব্যবস্থাপনা: ছাত্রীদের হোস্টেল সরেজমিন পরিদর্শনে বেশ কিছু সমস্যা পরিলক্ষিত হয়। হোস্টেলের ছাদের আস্তরন, কক্ষসমূহের দেয়াল, বাথরুম, ল্যাট্রিন, ড্রেন মেরামত করা এবং প্রয়োজনীয় ক্ষেত্রে রং করা প্রয়োজন। হোস্টেলের কলাপসিবল গেট, পানির ট্যাংক, সেপটিক ট্যাংকি, সুয়ারেজ লাইন নির্মাণ করা প্রয়োজন। এছাড়া হোস্টেলে গ্রিনসহ জানালা পরিবর্তন ও পর্যাপ্ত পরিমাণ বৈদ্যুতিক পাখা প্রয়োজন।

৫। জনবল সংক্রান্ত: প্রতিষ্ঠানটিতে শিক্ষক আছেন ৩৯জন। হেড অ্যাসিস্ট্যান্ট, হাউজ কিপার, এমএলএসএস, ইলেকট্রিশিয়ান, আইসিটি টেকনিশিয়ান পদে জনবল নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। প্রতিষ্ঠানটিতে ইনস্টিটিউট পর্যায়ের জনবল আছে, তবে কলেজ পর্যায়ের জনবল নেই।

সার্বিক মতামত/সুপারিশ: রাজশাহী নার্সিং কলেজ, রাজশাহী নার্সিং শিক্ষার ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে। প্রতিষ্ঠানটির ফলাফল ও শিক্ষার মান মোটামুটি সন্তোষজনক। সরেজমিন পরিদর্শনে প্রতিষ্ঠানটিতে বেশ কিছু ঘাটতি/সমস্যা পরিলক্ষিত হয়:

ক) প্রতিষ্ঠানটির একাডেমিক সুযোগ-সুবিধা বৃদ্ধির লক্ষ্যে ল্যাবসমূহে আধুনিক যন্ত্রপাতি ও উপকরণাদি সংযোজন, লিফট চালুকরণ, ক্লাসরুমের স্পেস বৃদ্ধি, সিমুলেশন ল্যাবের স্পেস তৈরি, ডাটাবেজ এক্সেস ও শূন্য পদসমূহে জনবল নিয়োগ/পদায়নের ব্যবস্থা করার জন্য মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর-কে অনুরোধ করা হলো।

খ) নবনির্মিত ০৬তলা একাডেমিক ভবনের গ্রিল সংযোজনসহ ছাত্রীদের হোস্টেলের কলাপসিবল গেট স্থাপন, মেরামত ও নির্মাণসহ অন্যান্য পূর্ত কাজ সম্পাদনের জন্য অতিরিক্ত সচিব (উন্নয়ন) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং অতিরিক্ত সচিব (উন্নয়ন) স্বাস্থ্য সেবা বিভাগ-কে অনুরোধ করা হলো।


(মো: সাইফুল ইসলাম)
যুগ্মসচিব
ফোনঃ ৫৫১০০৬৬৪
nursedu@mefwd.gov.bd

সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ০১। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।
- ০২। অতিরিক্ত সচিব (উন্নয়ন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ/স্বাস্থ্য সেবা বিভাগ।
- ০৩। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ০৪। রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল।
- ০৫। অধ্যক্ষ, রাজশাহী নার্সিং কলেজ, রাজশাহী।
- ০৬। প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৭। অতিরিক্ত সচিব (প্রশাসন/চিপি) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ০৮। অফিস কপি।